



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)


স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৪.৯৯.০২৫.২০১৫-৫১৯

তারিখ: ২৩/০৮/২০২১

## নোটিশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ৩১/১২/২০২০ তারিখের ৩৭.০০.০০০০.০৬৭.০২.০১.২০১৭-১৫৯ সংখ্যক স্মারকাদেশ মোতাবেক বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাদের বদলী/পদায়ন নীতিমালা-২০২০ অনুযায়ী সরকারি কলেজ/টিচার্স ট্রেনিং কলেজ/সরকারি আলিয়া মাদ্রাসায় কর্মরত বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের প্রভাষক ও সহকারী অধ্যাপক পর্যায়ের কর্মকর্তাগণের বদলী/পদায়নের নিমিত্তে অন-লাইনে বদলীর আবেদন আহবানের তারিখ ২৩/০৮/২০২১ থেকে ০৬/০৯/২০২১ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। প্রতিষ্ঠান প্রধান তাঁর কলেজের কর্মকর্তাদের নিকট হতে প্রাপ্ত বদলীর আবেদনসমূহ ০৯/০৯/২০২১ তারিখের মধ্যে অনলাইনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ন করবেন এবং বদলী/পদায়ন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্নকরণের লক্ষ্যে প্রতিষ্ঠানের বিষয়ভিত্তিক সৃষ্ট ও শূন্যপদের তথ্য হালনাগাদ করবেন।

বিষয়টি অতীব জরুরি।

  
মো: ওয়াহিদুজ্জামান  
উপপরিচালক (কলেজ-১)  
ফোন: ০২৪১০৫০৬২০

অধ্যক্ষ

সরকারি কলেজ/ টিচার্স ট্রেনিং কলেজ/  
সরকারি আলিয়া মাদ্রাসা।

অনুলিপি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। সহকারী পরিচালক (কলেজ-১, কলেজ-২, কলেজ-৪), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;  
(বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৫। সংরক্ষণ নথি।